# এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

## ঢাকা, কুমিল্লা, সিলেট, যশোর বোর্ড-২০১৭

### বিষয় : ভূগোল: প্রথম পত্র (সৃজনশীল)

বিষয় কোড : | ১ | ২ | ৫ |

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]

১. ▶ শাদমান সাহেব ক্লাসে বৃষ্টিপাত সংঘটনের কারণ হিসাবে পর্বতের অবস্থান সম্পর্কিত বিষয়টি আলোচনা করলেন। এক ছাত্র ঐ সময় পর্বত সম্পর্কে বিস্তারিত জানতে চাইলে স্যার জানালেন, এ বিষয়টি পরবর্তীতে প্রাকৃতিক ভূগোলের অন্য শাখায় আলোচনা করা হবে।


ক. প্রাকৃতিক ভূগোলের সংজ্ঞা দাও। ১

খ. জোয়ার-ভাটা প্রাকৃতিক ভূগোলের যে শাখায় আলোচিত হয় তা ব্যাখ্যা কর। ২

গ. শাদমান সাহেবের ক্লাসে আলোচিত শাখঅর গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শাখা দুটির বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

২. ▶




ক. গিরিজনিক আলোড়ন কাকে বলে? ১


খ. জলযোজন ব্যাখ্যা কর। ২

গ. চিত্রের 'ক' অঞ্চলে বিচূর্ণীভবনের কোন প্রক্রিয়া ক্রিয়াশীল– ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্রের 'ক' ও 'খ' স্থানের ভূমিরূপ পরিবর্তন প্রক্রিয়ার বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৩.▶




ক. ভূ-ত্বকের সংজ্ঞা দাও। ১

খ. জৈবিক বিচূর্ণীভবন ব্যাখ্যা কর। ২

গ. চিত্রে প্রদর্শিত 'ক' ভূমিরূপের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের 'ক' এবং 'খ' ভূমিরূপের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৪.▶ হাসান সাহেব একটি দেশের রাষ্ট্রদূত হিসেবে নিয়োগ পেয়ে ডিসেম্বর মাসে যোগদান করতে এসে দেখলেন ঠাণ্ডা মোটেই নেই এবং প্রায় প্রতিদিন বিকেলে বজ্রসহ বৃষ্টিপাত হয়। তিনি আরো জানতে পারলেন জলবায়ু অনুকূলে থাকায় এখানে রাবার ও পাম গাছ ভালো জন্মে।

ক. বৃষ্টিপাতের সংজ্ঞা দাও। ১

খ. আবহাওয়ার উপাদান ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আলোচিত দেশটির জলবায়ুর বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত দেশটির উদ্ভিজ্জের উপর জলবায়ুর প্রভাব বিশ্লেষণ কর। ৪

৫.▶ পটুয়াখালীর রিকশা চালক মনু মিয়া দু'জন ছাত্রীকে কলেজে পৌঁছে দেয়। পথিমধ্যে তারা মেরু অঞ্চলের বরফ গলনের ফলে বাংলাদেশের উপকূলীয় অঞ্চল পানির নীচে তলিয়ে যেতে পারে বলে উল্লেখ করে। এতে মনু মিয়া শংকিত হয়ে পড়ে।

ক. একটি গ্রীন হাউজ গ্যাসের নাম লিখ। ১

খ. ওজন স্তর ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়টির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. মনু মিয়ার শংকিত হওয়ার বিষয়টি থেকে পরিত্রাণের উপায় বিশ্লেষণ কর। ৪

৬.▶ শিক্ষা সফরে সবুজ সেন্ট মার্টিন বেড়াতে এসে বিকালে সৈকতে আছড়ে পড়া ঢেউ এবং প্রবাল দেখে আনন্দিত হল। আকাশে পূর্ণিমার চাঁদ থাকায় সবাই মিলে আবারও সাগর দেখতে গিয়ে দেখলো, বিকালে

Teachingbd.com

যেসব স্থানে হেঁটে বেড়িয়েছিল রাতে সে স্থানগুলো প্রায় ৫ ফুট পানির নিচে।


ক. শৈবাল সাগর কোন মহাসাগরে? ১

খ. বায়ুপ্রবাহ সমুদ্র স্রোতকে কিভাবে প্রভাবিত করে—ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত পানির অতিরিক্ত বৃদ্ধির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত পরিবর্তনের ঘটনাটি উপকূলীয় অঞ্চলের উপর কিরূপ প্রভাব ফেলে তা বিশ্লেষণ কর। ৪

৭. ▶




ক. বায়োম কী? ১

খ. ইকোসিস্টেম ব্যাখ্যা কর। ২

গ. 'খ'-অঞ্চলে বিশেষ ধরনের বনভূমি গড়ে উঠার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে প্রদর্শিত 'ক' ও 'খ' অঞ্চলের বনভূমির পরিবেশগত পার্থক্যগুলো বিশ্লেষণ কর। ৪

৮. ▶ একটি মহাসাগর যার পশ্চিম দিকে পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মহাদেশ এবং দক্ষিণ পূর্বদিকে ওশেনিয়া অঞ্চলের বৃহত্তম দেশটি অবস্থিত। উক্ত মহাসাগরের উত্তর অংশের স্রোত ঋতুভেদে দিক পরিবর্তন করে প্রবাহিত হয়।

ক. সমুদ্রস্রোত কাকে বলে? ১

খ. জলবায়ুর উপর সমুদ্রস্রোতের প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত মহাসাগরটি মানচিত্রে প্রদর্শন কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মহাসাগরটির উত্তর অংশের স্রোত ঋতুভেদে ভিন্ন ভিন্ন দিক হতে প্রবাহিত হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

বিষয় : ভূগোল: প্রথম পত্র

বিষয় কোড : ১ ২ ৫

সময় — ২৫ মিনিট

বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. ভূ-ত্বকের গড় গভীরতা কত কিলোমিটার?

ক ৭ খ ১৭
গ ২৭ ঘ ৩৭

২. পাহাড়িয়া অঞ্চলে ভূমি ধ্বসের কারণ—

i. অতিরিক্ত বৃষ্টিপাত
ii. বনভূমির অবস্থান
iii. বসতি স্থাপন

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩. পদ্মার উপনদী কোনটি?

ক মধুমতি খ গড়াই
গ আড়িয়াল খাঁ ঘ মহানন্দা


৪. চ্যুতিস্তূপ পর্বত হচ্ছে—

i. খাড়া ঢালবিশিষ্ট
ii. নরম শিলায় গঠিত
iii. সুস্পষ্ট শৃঙ্গ থাকে না

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও:




৫. উদ্দীপকের 'খ' অঞ্চলে কোন ধরনের ভূমিরূপ গঠিত হয়?

ক প্লাবন সমভূমি খ পলল পাখা
গ স্রোতজ সমভূমি ঘ ব-দ্বীপ সমভূমি

৬. উদ্দীপকে 'ক' অঞ্চলে নদীর কোন কার্যটি ক্রিয়াশীল?

i. সঞ্চয় কার্য
ii. বহন কার্য
iii. ক্ষয় কার্য

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭. নদীর কোন অবস্থায় উল্লম্ব ক্ষয় বেশি হয়?

ক ব-দ্বীপ অবস্থায় খ সমভূমি অবস্থায়
গ পার্বত্য অবস্থায় ঘ মালভূমি অবস্থায়

৮. শৈলশিরা দেখা যায় কোথায়?

ক পর্বতমালায়
খ মালভূমিতে
গ উপকূলে
ঘ মহাসাগরের তলে

৯. কোনটি উষ্ণ স্রোত?

ক পশ্চিম গ্রীনল্যান্ড স্রোত
খ পূর্ব গ্রীনল্যান্ড স্রোত
গ ল্যাব্রাডর স্রোত
ঘ উপসাগরীয় স্রোত

১০. প্রাকৃতিক ভূগোলের পরিসরের অন্তর্ভুক্ত কোনটি?

ক জনসংখ্যা ভূগোল খ বসতি ভূগোল
গ কৃষি ভূগোল ঘ সমুদ্র ভূগোল

১১. কোন মেঘ থেকে বৃষ্টিপাত হয়?

ক কিউমুলাস খ কিউমুলোনিম্বাস
গ অলটোস্ট্রাটাস ঘ অলটোকিউমুলাস

১২. বিশ্বের বৃহত্তম ব-দ্বীপ কোথায় অবস্থিত?

ক বাংলাদেশ খ ভারত
গ পাকিস্তান ঘ মিয়ানমার

১৩. কোনটি ইউরোপের পর্বতমালা?

ক আল্পস্ খ আন্দিজ
গ রকি ঘ হিমালয়

Teachingbd.com

নিচের উদ্দীপকের আলোকে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও:




১৪. উদ্দীপকে 'ক' চিহ্নিত স্থান কোন জলবায়ুর অন্তর্গত?
ক) মৌসুমী    খ) নিরক্ষীয়
গ) মহাদেশীয়    ঘ) ভূমধ্যসাগরীয়

১৫. উদ্দীপকের 'খ' চিহ্নিত স্থানে অধিক বৃষ্টিপাতের কারণ—
i. বিষুবীয় অবস্থান
ii. বনভূমির অবস্থান
iii. মহাদেশীয় অবস্থান
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii


১৬. লালমাই পাহাড়ের আয়তন কত বর্গ কিলোমিটার?
ক) ১৪    খ) ২৪
গ) ৩৪    ঘ) ৪৪

১৭. মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়াতে কোন ধরনের জলবায়ু দেখা যায়?
ক) নাতিশীতোষ্ণ    খ) চরমভাবাপন্ন
গ) ভূমধ্যসাগরীয়    ঘ) নিরক্ষীয়

১৮. কলকারখানার ধোঁয়া থেকে নির্গত হয় কোনটি?
ক) নিয়ন    খ) কার্বন
গ) জেনন    ঘ) আর্গন

১৯. বাংলাদেশের পর্বতের সাথে গঠনগত মিল রয়েছে কোন পর্বতের?
ক) ফুজিয়ামা    খ) আন্দিজ
গ) হেনরী    ঘ) ভিসুভিয়াস

নিচের চিত্রটি দেখ এবং ২০নং প্রশ্নের উত্তর দাও:



২০. উদ্দীপকে কোন ধরনের বৃষ্টিপাত দেখানো হয়েছে?
ক) পরিচলন    খ) ঘূর্ণিবাত
গ) শৈলোৎক্ষেপ    ঘ) সংঘর্ষ

২১. আকরিক লৌহ থেকে কি প্রস্তুত হয়?
ক) সিমেন্ট    খ) গ্রানাইট
গ) সিরামিক    ঘ) ইস্পাত

২২. একটি মূল স্রোত থেকে আরেকটি স্রোতের সৃষ্টি কি কারণে হয়?
ক) ভূভাগের অবস্থান
খ) সমুদ্রের লবণাক্ততা
গ) বাষ্পীভবনের তারতম্য
ঘ) বায়ু চাপ

২৩. বাংলাদেশের সবচেয়ে উঁচু পাহাড় কোনটি?
ক) গারো    খ) চিম্বুক
গ) চন্দ্রনাথ    ঘ) তাজিংডং

নিচের উদ্দীপকরে আলোকে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও:
সামিহা তার খালার বাসা পুরান ঢাকায় গিয়ে দেখে দালানের ফাটলের মধ্যে গাছ জন্মানোর ফলে ফাটলগুলো বড় হয়ে গেছে এবং জানালার রডগুলো নষ্ট হয়ে যাচ্ছে।

২৪. দালানের ফাটল বড় হওয়া এবং জানালার রড নষ্ট হলো—
i. যান্ত্রিক বিচূর্ণীভবন
ii. রাসায়নিক বিচূর্ণীভবন
iii. জৈবিক বিচূর্ণীভবন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

২৫. উদ্দীপকে উল্লিখিত জানালার রডগুলো কোন প্রক্রিয়ায় নষ্ট হয়েছে?
ক) হাইড্রেশন
খ) অক্সিডেশন
গ) কার্বনেশন
ঘ) নাইট্রেশন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ক |
| | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | খ | | |

http://teachingbd.com